সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited
প্রধান কার্যালয়, ঢাকা।

ফোন ঃ ৯৫৬৮৫৬০ (ডিজিএম)
৯৫৫০৭১৩ (এজিএম)
৯৫৫০৯৮১-(এজিএম)
সরকারী হিসাব ও সার্ভিসেস ডিভিশন
Email: dgmgasd@sonalibank.com.bd

৬.০০ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাভুক্ত বিভিন্ন অধিদপ্তর/দপ্তর/সংস্থার নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত ব্যাংক হিসাব (Individual Bank Account) এর মাধ্যমে তাঁদের বেতন-ভাতা প্রদানসহ যাবতীয় ব্যাংকিং সেবা প্রদানের জন্য আমরা আগ্রহী। সোনালী ব্যাংক লিমিটেড এর মাধ্যমে বেতন-ভাতা প্রদানসহ যাবতীয় ব্যাংকিং সেবা গ্রহণের নিমিত্ত এ ব্যাংক কর্তৃক নিম্নোক্ত সুবিধাদি প্রদান করা যাবেঃ

ক) এ ব্যাংকের যে কোন শাখা থেকে অর্থ উত্তোলন ও জমা করা;
খ) ব্যাংক হিসাব খোলার পর ডেবিট কার্ড ইস্যু করা;
গ) প্রতিটি জমা ও উত্তোলনের বিপরীতে হিসাবধারীর মোবাইলে রিয়েল টাইমে এসএমএস প্রেরণ করা;
ঘ) হিসাবধারীকে Bangladesh Electronic Fund Transfer Network (BEFTN), Bangladesh Automated Clearing House (BACH), National Payment Switch of Bangladesh (NPSB) এবং Real Time Gross Settlement System (RTGS) সেবা প্রদানের সুবিধা;
ঙ) কোন ধরনের গ্যারান্টর ছাড়া ক্রেডিট কার্ড সুবিধা প্রদান, যার লিমিট মূল বেতনের ৬ গুন পরিমাণ;
চ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাভুক্ত বিভিন্ন অধিদপ্তর/দপ্তর/সংস্থার নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীগণকে পার্সোনাল লোন সুবিধা প্রদান;
ছ) সরকারী কর্মকর্তা ও কর্মচারীদের জন্য সহজ শর্তে গৃহ নির্মাণ ঋণ সুবিধা প্রদান;
জ) সোনালী নীড় এর আওতায় গৃহ নির্মাণ ঋণ সুবিধা প্রদান (বর্তমানে ৭% সরল সুদে সর্বোচ্চ ১৫ লক্ষ টাকা);
ঝ) কর্পোরেট ঋণ সুবিধা;
ঞ) মাসিক সঞ্চয়ী আমানত ও স্থায়ী আমানত হিসাব খোলার সুবিধা;
ট) সঞ্চয়পত্র ক্রয় এবং ওয়েজ আর্নার্স বন্ড ক্রয়ের সুবিধা;
ঠ) "ওয়ান স্টপ সার্ভিস" এর মাধ্যমে ব্যাংকিং সেবা প্রদান।

৭.০০ঃ এমতাবস্থায়, আপনাদের স্বনামধন্য মন্ত্রণালয়ের আওতাভুক্ত বিভিন্ন অধিদপ্তর/দপ্তর/সংস্থার নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীদের ব্যাংকিং সেবা প্রদান করতে পারলে আমরা অত্যন্ত আনন্দিত হবো। এ ব্যাপারে আপনাদের ইতিবাচক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে,
আপনাদের বিশ্বস্ত

(মোঃ আতাউর রহমান প্রধান)
সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৪০.১১৬.০০২.১৫-১৪৫৮

তারিখ: ০২ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ
১৭ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৪। যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। উপসচিব/উপপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৭। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
১২। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৩। লাইব্রেরিয়ান, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

২.১০.১৯
কাজী মাহবুবুল আলম
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited
প্রধান কার্যালয়, ঢাকা।

ফোন ঃ ৯৫৬৮৫৬০ (ডিজিএম)
৯৫৫০৭১৩ (এজিএম)
৯৫৫০৯৮১ (এজিএম)
সরকারী হিসাব ও সার্ভিসেস ডিভিশন
Email: dgmgasd@sonalibank.com.bd

নং- এসবিএল/প্রকা/জিএএসডি/স্বাস্থ্য/ ৫৩২৫

তারিখঃ ০৮ সেপ্টেম্বর, ২০১৯

সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাভুক্ত বিভিন্ন অধিদপ্তর/দপ্তর/সংস্থার নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত ব্যাংক হিসাব (Individual Bank Account) এর মাধ্যমে বেতন-ভাতা প্রদানসহ যাবতীয় ব্যাংকিং সেবা প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

২.০০ ঃ সোনালী ব্যাংক লিমিটেড রাষ্ট্র মালিকানাধীন দেশের সর্ববৃহৎ এবং একমাত্র ট্রেজারী কার্যক্রম পরিচালনাকারী বাণিজ্যিক ব্যাংক। সামাজিক দায়বদ্ধতায় প্রতিশ্রুতিশীল এ ব্যাংক দেশ ও দেশের বাহিরে সর্বমোট ১২১৫টি শাখার বিস্তৃত নেটওয়ার্ক এর মাধ্যমে ব্যাংকিং সেবা কার্যক্রম পরিচালনা করে আসছে।

৩.০০ ঃ রাষ্ট্রীয় মালিকানাধীন বৃহত্তম বাণিজ্যিক ব্যাংক হিসাবে এ ব্যাংক বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করা ছাড়াও সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড যেমন- কৃষি ও শিল্পের উন্নয়ন, ব্যাপক জনগোষ্ঠীর জীবনযাত্রার মানোন্নয়নে কর্মসংস্থান সৃষ্টি সহায়ক সরকারের বিভিন্ন কর্মকান্ডে অংশগ্রহণ, সরকারের ট্রেজারী কার্যক্রমে কার্যকরী ভূমিকা পালন, সামাজিক নিরাপত্তা বেষ্টনী সংক্রান্ত বিভিন্ন ধরনের ভাতা বিতরণ, সামরিক ও বেসামরিক পেনশন বিতরণসহ নানাবিধ সেবা প্রদানের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে আসছে। এছাড়াও হত দরিদ্রসহ দেশের প্রত্যন্ত অঞ্চলের জনগণকে অর্থনীতির মূল স্রোতধারায় আনয়নের লক্ষ্যে আর্থিক অন্তর্ভুক্তিমূলক (Financial Inclusion) কার্যক্রম বাস্তবায়নসহ বিভিন্ন সেবামূলক কার্যক্রমে ব্যাংক সক্রিয় ভূমিকা পালন করছে।

৪.০০ঃ আমাদের সকল শাখা রিয়েল টাইম অনলাইন ব্যাংকিং সিস্টেম এর অধীনে পরিচালিত হচ্ছে। বাংলাদেশ ব্যাংকের এজেন্ট হিসেবে সোনালী ব্যাংক লিমিটেড সরকারের পক্ষে ৬৬ টি চেস্ট/সাবচেস্ট শাখাসহ ব্যাংকের সকল শাখার মাধ্যমে সরকারী লেনদেন কার্যক্রম (ট্রেজারী কার্যক্রম) সম্পাদন করে আসছে। এছাড়া অনলাইনে ঘরে বসে চালান জমা ও জমাকৃত চালানের তথ্যাদি পৃথিবীর যেকোন প্রান্ত থেকে www.cga.gov.bd এর মাধ্যমে online verification করা যায়। সর্বোপরি, সরকারের ডিজিটালাইজেশন কর্মসূচীর সফল বাস্তবায়নে এ ব্যাংক অঙ্গীকারাবদ্ধ।

৫.০০ ঃ বর্তমানে দেশের অভ্যন্তরে ১২১৩ টি শাখার বিস্তৃত নেটওয়ার্কের মাধ্যমে ব্যাংকটি সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/অধিদপ্তর/বিভাগ এর নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা প্রদান কার্যক্রম পরিচালনা করে আসছে। এছাড়া ব্যাংকটি সরকারের বিভিন্ন প্রশাসনিক, অর্থনৈতিক ও শিক্ষা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের আর্থিক লেনদেন/ফি ব্যবস্থাপনা অনলাইনে সম্পাদন করছে। তন্মধ্যে বাংলাদেশ কাস্টম হাউস, চট্টগ্রাম পোর্ট, বাংলাদেশ নির্বাচন কমিশন, সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, বাংলাদেশ ইনভেস্টমেন্ট ডেভেলপমেন্ট অথরিটি, বন অধিদপ্তর, বাংলাদেশ মেরিন একাডেমী, ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট, বার কাউন্সিল, ঢাকা বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয় এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান অন্যতম।

চলমান পাতা-০২